কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
## গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১৫.০০৪.২০.৫৩৬৬

তারিখঃ ০৪-০৪-২০২২ খ্রি. / ২১-১২-১৪২৮ বং

## অফিস আদেশ

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর ''মুজিব নগর সমন্বিত কৃষি উন্নয়ন (বারি অংগ)'' শীর্ষক সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত রীট পিটিশন নং-৮০৩৭/২০১৭ এর ২৪-০৮-২০১৭ তারিখের প্রদত্ত মহামান্য হাইকোর্টের রায় মোতাবেক রীটকারীগণকে রাজস্বখাতের পদে আত্মীকরণের নির্দেশ প্রদান করা হয়। উল্লেখ্য যে, পিটিশনারদের রাজস্বখাতে আত্মীকরণের বিষয়ে 18MLR (AD) 372 এর আলোকে তিনটি পর্যবেক্ষণ অনুসরণের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত রীট পিটিশন এর বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিপিএলএ ২১৯০/২০১৮ দায়ের করা হলে মহামান্য আপীল আদালত শুনানী শেষে গত ০২-১২-২০১৮ তারিখে কয়েকটি শর্ত আরোপ করে আপীলটি ডিসমিস করেন। তৎপ্রেক্ষিতে সিপিএলএ রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ২৮/২০১৯ সিআরপি মামলা দায়ের করলে শুনানীঅন্তে মহামান্য আদালত ২০-০২-২০২০ তারিখ সিআরপি মামলাটি ডিসমিস করে রীটকারীগণকে রাজস্বখাতে আত্মীকরণের আদেশ প্রদান করেন।

মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৮০৩৭/২০১৭ ও মহামান্য আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-২১৯০/২০১৮ এবং সিভিল রিভিউ পিটিশন নং- ২৮/২০১৯ এর রায় সার্বিক বিবেচনায় রীটকারীদের নামের পাশে বর্ণিত পদ, কর্মস্থল, মূল বেতন ও বেতনক্রম এবং বর্ণিত শর্তাধীনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের চাকরিতে ''মুজিব নগর সমন্বিত কৃষি উন্নয়ন'' শীর্ষক সমাপ্ত প্রকল্পের নিম্নবর্ণিত ক্রমিক নং-১, ২ ও ৪ রাজস্বখাতে এবং ক্রমিক নং-৩ রাজস্বখাতে পদ না থাকায় রাজস্বখাতের সৃজনকৃত পদে আত্মীকরণ (Absorb) করা হলো।

| ক্রমিক | নাম, স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ | পদবী | মূল বেতন ও বেতনক্রম/২০১৫ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মুহাম্মদ লুৎফর রহমান<br>পিতা- মোঃ নুরুল ইসলাম<br>মাতা- লায়লা খাতুন<br>গ্রাম- লক্ষীপুর ঠাকুরদাস, পোঃ- খালাশপীর<br>উপজেলা- পীরগঞ্জ, জেলা- রংপুর।<br>জন্ম তারিখ: ১২-০১-১৯৯২ | বৈজ্ঞানিক সহকারী | ১২৫০০/-<br>১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | রংপুর | সরেজমিন গবেষণা বিভাগ<br>বারি, সিলেট | |
| ২। | মোঃ মাহামুদুল হাসান<br>পিতা- মোঃ মোজাম্মেল হক<br>মাতা- মোছাঃ হোসনে আরা বেগম<br>গ্রাম- পারবর্তীপুর, পোঃ- গুর্জিপাড়া<br>উপজেলা- পীরগঞ্জ, জেলা- রংপুর।<br>জন্ম তারিখ: ১১-০১-১৯৯০ | অফিস সহকারী কাম হিসাব রক্ষক | ৯৩০০/-<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | রংপুর | উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র<br>বারি, গাজীপুর | |
| ৩। | মোঃ আতাউর রহমান<br>পিতা- মোঃ সেকান্দার আলী<br>মাতা- ফুলজান বেগম<br>গ্রাম- নোন্দাপুর, পোঃ- মান্ডইল<br>উপজেলা- গোদাগাড়ী, জেলা- রাজশাহী।<br>জন্ম তারিখ: ০৩-০৫-১৯৮০ | ডাটা এন্ট্রি অপারেটর | ৯৩০০/-<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | রাজশাহী | এএসআইসিটি বিভাগ<br>বারি, গাজীপুর প্রেষণে ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা | |
| ৪। | মোঃ আব্দুল লতিফ<br>পিতা- মোঃ খিজির উদ্দিন<br>মাতা- মোছাঃ আকিনা খাতুন<br>গ্রাম- গোবিন্দপুর, পোঃ- ধাপেরহাট<br>উপজেলা- সাদুল্লাপুর, জেলা- গাইবান্ধা।<br>জন্ম তারিখ: ১২-১২-১৯৮৩ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | গাইবান্ধা | কৃষি গবেষণা কেন্দ্র<br>বারি, ঘোনাপাড়া, গোপালগঞ্জ | |

**শর্তাবলীঃ**

১। যোগদানের তারিখ হতে আত্মীকরণ কার্যকর করা হবে এবং প্রচলিত বিধি মোতাবেক যাবতীয় সুযোগ সুবিধা প্রাপ্য হবে।

২। চাকরিতে যোগদানের সময় ডোপটেস্টসহ জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৩। যোগদানের পর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪। অত্র দপ্তরে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও অন্যান্য তথ্যের সাথে অসঙ্গতি পাওয়া গেলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ হবে।

৫। মহামান্য আদালতের আদেশের নির্দেশনা মোতাবেক ইহা একটি বিশেষ নিয়োগ হিসেবে ইনস্টিটিউটে গণ্য হবে এবং পরবর্তীতে অন্য কেউ এ আদেশের অনুবৃত্তিক্রমে বর্ণিত পদে কিংবা অন্য কোন পদে নিয়োগ দাবী করতে পারবেন না।

৬। সিপিএলএ মামলা নং- ২১৯০/২০১৮ অনুযায়ী মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের ০২-১২-২০১৮ তারিখের রায়ে উদ্ধৃত "Continuity of Service and other benefits are expunged" অর্থাৎ আপনাদেরকে চাকরিতে যোগদানের পূর্বে চাকরির কোন ধারাবাহিকতা এবং অন্যান্য (আর্থিকসহ) সুবিধা প্রদান করা হবে না।

৭। আত্মীকরণকৃত কর্মচারীগণকে নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য জ্যেষ্ঠতা নীতিমালা অনুসরণ করে প্রার্থীদের জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

৮। উপরে বর্ণিত ক্রমিক নং-১, ২ ও ৪ রাজস্বখাতে এবং ক্রমিক নং-৩ ডাটা এন্ট্রি অপারেটর পদটি রাজস্বখাতভুক্ত না হওয়ায় রাজস্বখাতের সৃজনকৃত পদে আত্মীকরণ (Absorb) করা হলো।

৯। ক্রমিক নং-১, ২ ও ৪ এ বর্ণিত কর্মচারী প্রাথমিক অবস্থায় তারা ২ (দুই) বছর শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। তবে প্রয়োজন হলে এই সময় আরও অনূর্ধ ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা যাবে।

১০। ক্রমিক নং-৩ এ বর্ণিত কর্মচারী জনাব মোঃ আতাউর রহমানকে প্রাথমিক অবস্থায় তিনি ২ (দুই) বছর শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। তবে প্রয়োজন হলে এই সময় আরও অনূর্ধ ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা যাবে। তবে বর্ণিত কর্মচারী সন্তোষজনকভাবে শিক্ষানবীশকাল উর্ত্তীণের পর মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখে মপবি/পঃবিঃশা/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ মোতাবেক উক্ত পদ রাজস্বখাতে স্থায়ী হলে তাকে চাকরিতে স্থায়ী করা যেতে পারে।

১১। শিক্ষানবীশ থাকাকালে তারা ১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন। নোটিশ প্রদানে ব্যর্থতায় তারা ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতি পূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন।

১২। শিক্ষানবীশ হিসাবে চাকরিকালে কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে তার চাকরির অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকরি অবসানের কারণে তারা কোন প্রকার ক্ষতি পূরণ পাবেন না।

১৩। চাকরিতে স্থায়ী হওয়ার পর তারা তাদের অভিপ্রায় উল্লেখ পূর্বক তিন মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতায় তারা ইনস্টিটিউটকে তাদের তিন মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন। তবে আনুষ্ঠানিকভাবে ইস্তফাপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তারা তাদের চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না।

১৪। অন্যান্য বিষয়ে তাদের চাকরি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১, বাংলাদেশ কৃষি গবেষণা ইনটিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অন্যান্য বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে। এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যৎ প্রণীতব্য বিধি বিধান দ্বারা চাকরি নিয়ন্ত্রিত হবে।

(ক) উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে তারা ২ কপি সদ্য তোলা (৬ মাসের পূর্বের নয়) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদপত্র, প্রকল্পে চাকরির নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের মূলকপি, ডোপটেস্ট প্রত্যয়নপত্র, জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্রসহ উপস্থিত হয়ে তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলের ভারপ্রাপ্ত কর্মকর্তা এর নিকট আদেশ জারীর তারিখ হতে ১৩-০৪-২০২২ তারিখের মধ্যে (সংযোজিত ফরমে) কাজে যোগদান করবেন। বর্ণিত সকল কাগজপত্রের সত্যায়িত ০২ কপি যোগদানের সময় জমা দিতে হবে। উক্ত সময়ের মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হলে তার আদেশ বাতিল বলে গণ্য হবে।

(খ) সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা আত্মীকরণকৃত কর্মচারীদের যোগদানপত্র গ্রহণপূর্বক তার সকল কাগজপত্রের এক প্রস্থ (এক কপি ছবি) এবং পুলিশ ভেরিফিকেশন ফরম (পূরণকৃত দুই কপি), ডোপটেস্ট প্রত্যয়নপত্র, জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্র, দুই প্রস্থ জীবন বৃত্তান্ত, যৌথবীমা ও কল্যাণ তহবিল, সাধারণ ভবিষ্য তহবিল এবং অবসরভাতা সুবিধাদি গ্রহণের মনোনয়নপত্রের ফরম এবং আদেশের সাথে সংযোজিত যৌতুক সম্পর্কিত ঘোষণাপত্র প্রার্থী কর্তৃক পূরণ করে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কেউ কাজে যোগদান না করলে তাও সত্বর অবহিত করতে হবে।

স্বাক্ষরিত/-
(ড. দেবাশীষ সরকার)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১৫.০০৪.২০.৫৩৬৬

তারিখঃ ০৪-০৪-২০২২ খ্রি.
২১-১২-১৪২৮ বং

**বিতরণঃ**

১। পরিচালক (সেবা ও সরবরাহ/গবেষণা/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন/উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র), বারি, গাজীপুর/পরিচালক, ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর- (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, গাজীপুর/কৃষি গবেষণা কেন্দ্র, ঘোনাপাড়া, গোপালগঞ্জ
৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, সিলেট
৫। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
৬। প্রটোকল অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বারি, গাজীপুর
৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, বেনিফিট সেল, বারি, গাজীপুর
৯। জনাব/বেগম ..........................................................................................................
১০। কম্পিউটার সেল/এসিআর সেল, প্রশাসন শাখা, বারি, গাজীপুর
১১। সংশ্লিষ্ট নথি/ব্যক্তিগত নথি।

০৪/০৪/২২
(মোঃ মাহমুদুল হাসান)
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)(চ. দা.)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ৪৯২৭০০১০/৫৪৯২



\\Pc-1\e\আত্মীকরণ\আদেশ মুজিবনগর প্রকল্প.doc